## মঞ্জুরি নং-৩২

# ১৩৫- ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ৩৯৩,৮২,০০ | ৪১৩,৫১,০০ | ৪৩৪,১৯,০০ |
| উন্নয়ন ব্যয় | ১৭৮৯,১৮,০০ | ১৮৭৮,৬৪,০০ | ১৯৭২,৫৭,০০ |
| **মোট** | **২১৮৩,০০,০০** | **২২৯২,১৫,০০** | **২৪০৬,৭৬,০০** |
| | | | |
| আবর্তক | ৪৯৯,৬৭,৫০ | ৪৭১,৪৫,৪৮ | ৪৪৬,৮০,৬৯ |
| মূলধন | ১৬৮৩,৩২,৫০ | ১৮২০,৬৯,৫২ | ১৯৫৯,৯৫,৩১ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২১৮৩,০০,০০** | **২২৯২,১৫,০০** | **২৪০৬,৭৬,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্টওপ্রধানকার্যাবলি

### ১.১ মিশনস্টেটমেন্ট

ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ হজ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ চুক্তি সম্পাদন ও হজ যাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ ও ওমরাহ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

১.২.২ ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনা প্রকাশ, উন্নয়ন সাধন এবং পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;

১.২.৩ ওয়াক্ফ এস্টেট ও দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা;

১.২.৪ ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন এবং অংশগ্রহণ; বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;

১.২.৫ বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক ও বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা প্রদান এবং জেলা ও উপজেলা পর্যায়ে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের মাধ্যমে নারী-পুরুষের সালাত আদায়সহ ইসলামিক শিক্ষা ও সংস্কৃতির বিকাশ সাধন;

১.২.৬ ধর্মীয় প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে সচেতনতা, ভ্রাতৃত্ববোধ, ধর্মীয় মূল্যবোধ, নৈতিকতা ও সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ;

১.২.৭ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের নির্মাণ ও সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উৎসব উদযাপন সংক্রান্ত কার্যক্রম; এবং

১.২.৮ মসজিদের ইমাম-মুয়াজ্জিনের প্রশিক্ষণ প্রদান, আর্থ-সামাজিক উন্নয়ন ও তাদের কল্যাণ সাধন এবং যাকাত ও অনুদান প্রদানের মাধ্যমে দু:স্থ পুনর্বাসন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগতউদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারীঅধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. ধর্মীয় ও নৈতিকতা বোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ | • শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা এবংকিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান<br>• ধর্মীয় ব্যক্তিত্ব/ইমামদেরকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ<br>• বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা<br>• আন্তঃ ধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজন<br>• গবেষণামূলক ও ধর্মীয় পুস্তক প্রকাশনা<br>• বাংলাদেশে উৎপাদিত ও আমদানিকৃত খাদ্য দ্রব্য, ভোগ্যপণ্য, প্রসাধন সামগ্রী ও ফার্মাসিউটিক্যাল এর জন্য হালাল সনদ প্রদান | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • শিশুদের প্রাক-প্রাথমিক ও বয়স্কদের মধ্যে ধর্মীয় শিক্ষা প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট<br>• বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক/শিক্ষা উপকরণ সরবরাহ | • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক ও শিক্ষা উপরকণ সরবরাহ করা<br>• ধর্মীয় ব্যক্তিদের আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • ধর্মীয় নেতৃবৃন্দ/পালক-পুরোহিতগণের দক্ষতা বৃদ্ধি ও ছাত্র-যুবকদের নীতি-নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ<br>• সানডে স্কুল কার্যক্রমের মাধ্যমে শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষাদান<br>• ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দের অংশগ্রহণে সভা-সেমিনারের মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি জোড়দারকরণ | • খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| ২. হজ ব্যবস্থাপনার উন্নয়ন | • হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজ যাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | • সচিবালয়<br>• হজ অফিস (ঢাকা এবং জেদ্দা) |
| | • হজ ও ওমরাহ এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন<br>• হজযাত্রী ও হজ গাইডদের প্রশিক্ষণ<br>• হজ বিষয়ক প্রশিক্ষণ | • সচিবালয় |
| ৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ | • বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | • সচিবালয় |
| | • দেশের সকল জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ, তালিকাভূক্তকরণ, | • বাংলাদেশ ওয়াকফ প্রশাসন |

| মধ্যমেয়াদি কৌশলগতউদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারীঅধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | রক্ষণা-বেক্ষণ ও ডাটাবেজ প্রস্তুতকরণ<br>• ওয়াকফ এস্টেটসমূহের কার্যক্রম নিরীক্ষাকরণ<br>• অবৈধ দখলদার উচ্ছেদ | |
| | • ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারের জন্য অনুদান প্রদান | • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান/গীর্জা/উপাসনালয়/কবরস্থান সংস্কার/মেরামত ও সংরক্ষণ | • খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| ৪. ধর্মীয় ব্যক্তিত্ব ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন | • দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | • সচিবালয় |
| | • যাকাত সংগ্রহ এবং দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় অনুদান প্রদান<br>• প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান<br>• ধর্মীয় ব্যক্তিদের (ইমাম ও মুয়জ্জিন) আত্ম-নির্ভরশীলতায় অনুদান ও ঋণ প্রদান | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান<br>• দুর্গা পূজায় আর্থিক সহায়তা প্রদান<br>• তীর্থ ভ্রমণে সহায়তা প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • দুঃস্থ-অসহায় খ্রিস্টান ধর্মাবলম্বীদের আর্থিক সহায়তা প্রদান<br>• দরিদ্র-মেধাবী খ্রিস্টান শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান | • খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাক-প্রাথমিক শিক্ষাকেন্দ্র চালুর ফলে শিশুদের অংশগ্রহণের পাশাপাশি নারী ও পুরুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে; যা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে মেয়ে শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা এবং পবিত্র কোরআন শিক্ষা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ২০%, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ৮০% এবং প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের ৮৫% কেন্দ্র নারী শিক্ষক দ্বারা পরিচালিত হয়। সামাজিক নিরাপত্তা বিষয়ে তাঁদের সচেতনতা এবং সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধির ফলে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্সে নারীদের অগ্রাধিকার প্রদান করে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে, যা সামগ্রিকভাবে নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

### ৩.১.২ হজ ব্যবস্থাপনার উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে হজ ব্যবস্থাপনা ও আইটি সার্ভিসের উন্নয়নের ফলে জনগোষ্ঠীর সাময়িকভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এর ফলে দেশের যোগ্যতাসম্পন্ন দরিদ্রদের কর্মের সুযোগ বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: মহিলা হজযাত্রীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির ফলে তাদের সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রতিনিধি দলে মহিলা সদস্যদের অন্তর্ভুক্ত করায় নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব পড়বে।

### ৩.১.৩ ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ওয়াক্‌ফ এস্টেট সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের ফলে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। সরকারিভাবে ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের সংস্কার ও মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদানের ফলে জনগণের ধর্মীয় আচার অনুষ্ঠান পালনের সুযোগ বৃদ্ধিসহ ধর্মীয় প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কারের জন্য স্থানীয় জনগণের উপর আর্থিক সহায়তা প্রদানের চাপ কমবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ওয়াক্‌ফ এস্টেট ব্যবস্থাপনার উন্নয়ন কার্যক্রমের ফলে নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, তাদের আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের ফলে নারীরাও পরোক্ষভাবে উপকৃত হবে।

### ৩.১.৪ ধর্মীয় ব্যক্তিত্ব ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** যাকাত ফান্ডের সংগৃহীত অর্থ ও অনুদান চরম দরিদ্র এবং দুঃস্থ ব্যক্তিদেরকে আর্থিক সহায়তা হিসেবে প্রদান করে তাদেরকে আত্ম-নির্ভরশীল ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করে। যাকাত ফান্ড হতে প্রতি বছর উল্লেখযোগ্য সংখ্যক নারী ও পুরুষকে আর্থিক সাহায্য প্রদান করা হচ্ছে। এছাড়া, ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের মাধ্যমে ইমামদের সুদমুক্ত ঋণ এবং অনুদান প্রদান করা হয়। ফলে স্ব-কর্মসংস্থানের মাধ্যমে উপকারভোগী দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ীভাবে দারিদ্র্য নিরসন হবে, এতে দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতার লক্ষ্যে প্রদত্ত অনুদান ও যাকাতের অর্থ চরম দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করতে সরাসরি ভূমিকা রাখবে। আয় বৃদ্ধির ফলে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে নারীর মর্যাদা বৃদ্ধি পাবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ৯১৭,৫৯,৮৮ | ৮৩৪,৮০,৫৩ | ৮৩৪,৮০,৫৩ |
| নারী উন্নয়ন | ২৭৮,৮৮,০৯ | ২৭৬,৫৬,৬৬ | ২৭৬,৫৬,৬৬ |

## ৪.১ অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ(Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকারব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান**<br>প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুদের উপযুক্ত করে গড়ে তুলে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার উপযোগী করার জন্য এ কার্যক্রম খুবই যুগোপযোগী। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার সম্পন্ন খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |
| ২. **ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান**<br>ধর্মীয় ব্যক্তিত্বদেরকে আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানের ফলে আর্থ-সামাজিক কর্মকান্ডে তাঁদের সম্পৃক্ততা বাড়বে। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের অগ্রাধিকার | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |

| অগ্রাধিকারব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | |
| **৩. হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ**<br>অনলাইনে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন, নিবন্ধন এবং ভিসা লজমেন্টের মাধ্যমে হজযাত্রীদের সেবা প্রদানসহ সুষ্ঠুভাবে হজ সম্পাদন নিশ্চিত করা হবে। হজকালীন সময়ে হজ গাইড, এজেন্সি প্রতিনিধি ও হজযাত্রীদের প্রশিক্ষণ প্রদান এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং এর অধীনে প্রণীত বিধিমালা ২০২২ অনুযায়ী চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ করে হজ কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। ২০২৪ সালে ৮৬% হজযাত্রীদের ইমিগ্রেশন প্রক্রিয়া হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সম্পন্ন করা হয়েছে। ফলে হজযাত্রীদের সময় সাশ্রয় ও কষ্ট লাঘব হয়েছে। আগামিতে অনুষ্ঠিতব্য হজ মৌসুমে ১০০% হজযাত্রীদের ইমিগ্রেশন বাংলাদেশে সম্পন্ন করা হবে। যা হজযাত্রীদের হজও ওমরাহ্ কার্যক্রমকে আরও সহজ ও গতিশীল করবে। | • হজ ব্যবস্থাপনার উন্নয়ন |
| **৪. গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা**<br>জনগণের নৈতিকতা ও মূল্যবোধের উন্নয়নে ধর্মীয় পুস্তকাদির প্রকাশনা এবং গবেষণার সুযোগ সৃষ্টি করার জন্য এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |
| **৫. মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন**<br>বাংলাদেশের প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬৪টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। মডেল মসজিদসমূহে ৩১,৪০০ জন মহিলাসহ প্রায় ৪.৫০ লক্ষ মুসল্লীর একসাথে নামাজ আদায়ের ব্যবস্থা, ইসলামিক সাংস্কৃতিক কার্যক্রম, দ্বীনি দাওয়াতি কার্যক্রম, হেফজখানা, গবেষণা কক্ষ, লাইব্রেরি, হজযাত্রীদের প্রশিক্ষণ, মৃতদেহ গোসলের ব্যবস্থা রয়েছে বিধায় এ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ |
| **৬. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ এবং দুঃস্থ ব্যক্তিগণকে আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান**<br>অনুদান প্রদানের মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারপূর্বক অবকাঠামোর মানোন্নয়ন করা হচ্ছে। এছাড়া, দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে তথ্য প্রযুক্তি, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে শ্রম বাজারে তাদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের প্রয়োজন রয়েছে বিধায় উক্ত কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। | • ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ<br>• ধর্মীয় ব্যক্তিত্ব ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন |
| **৭. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদান**<br>দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা হবে। এ বিবেচনায় এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। | • ধর্মীয় ব্যক্তিত্ব ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬হতে২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ২৫৮৮,৯৫,০০ | ১৯২৮,৩৯,৬৭ | ২১৬৭,৭৩,০০ | ২২৭৩,৭২,২৫ | ২৩৮৭,৪১,১১ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| হজ্জ অফিসসমূহ | ১৩,০৯,০০ | ১৪,০৮,২০ | ১৫,২৭,০০ | ১৮,৪২,৭৫ | ১৯,৩৪,৮৯ |
| **সর্বমোট :** | **২৬০২,০৪,০০** | **১৯৪২,৪৭,৮৭** | **২১৮৩,০০,০০** | **২২৯২,১৫,০০** | **২৪০৬,৭৬,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১২,৪৮,১০ | ১২,৯৭,৯১ | ১৪,৯১,৪৪ | ১৫,২৬,৯৭ | ১৬,১০,২৫ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২০,৮১,৭৪ | ২০,৩১,০৯ | ২১,৮৫,৭৬ | ২৩,৩৭,৬৫ | ২৪,৫৯,৩৯ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,০৫,০০ | ১,০৫,০০ | ১,১০,০০ | ১,২০,০০ | ১,৫০,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৬০,৫০ | ৪৬,০০ | ৬৩,০০ | ৭৪,০০ | ৭৮,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১,৩৫,৫০ | ১,৩৫,৫০ | ১,৩৭,০০ | ১,৪৬,০০ | ১,৬৫,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪৭,৫৬,০০ | ৪৩,৮২,০৮ | ৪৮,৪৬,১০ | ৫২,১০,৫০ | ৫৪,১৬,৫০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ৩,৩৫,৮০ | ২,৮৫,৮০ | ৩,৫৫,০০ | ৪,০০,১০ | ৫,১০,৭০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ১৮,২৬ | ১৮,২৬ | ১৮,৩০ | ১৮,২৬ | ১৮,২৬ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৮১,৭০ | ৮২,৭০ | ১,৫৫,০০ | ১,৩৬,০০ | ১,৪৮,৩০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৫৩,৫০ | ৩,৮৩ | ৫,০০ | ৫৭,০০ | ৬৩,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১৩,১০,৪০ | ৯,৫২,৫০ | ১৩,৬৮,৪০ | ১৪,৪০,৩৯ | ১৪,৩৯,৬৪ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ২,৩০,৫০ | ১,৬৮,৯২ | ২,২৭,৫০ | ২,৬০,২০ | ২,৭১,৪৮ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১৯১,২৯,৪৪ | ১৯৯,২৭,৯৩ | ২১৩,১৭,৪৪ | ২১৭,৪৯,৯২ | ২২৬,৩২,৭৩ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ২,১০,৫৬ | ২,৬১,৭৭ | ২,৬৩,৯৭ | ৩,৫৬,০৭ | ৩,১৬,১৯ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৬০,৮০,০০ | ৬০,৭৩,০০ | ৬১,১২,২৫ | ৬৮,৮১,২৩ | ৭৪,৮৪,২৫ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ৫৫৩,৮২,০০ | ৪৫৬,৯৬,০০ | ১১০,৭৫,০০ | ৬৪,৩১,১৯ | ১৯,১৭,০০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ২,৩৬,৩৪ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৯১২,১৯,০০** | **৮১৪,৬৮,২৯** | **৪৯৯,৬৭,৫০** | **৪৭১,৪৫,৪৮** | ৪৪৬,৮০,৬৯ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৭,৬৫,০০ | ১১,০০,৫৮ | ১,৫২,০০ | ১,৩০,০০ | ১,৪৭,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৩,৭৬,০০ | ৪,২২,০০ | ৩,৩৭,৫০ | ৫,০৬,৭১ | ৫,০৮,৩১ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ১৫৩৭,১৪,০০ | ১১১২,৫৭,০০ | ১০৭৮,৪৩,০০ | ১০১৬,৬৮,৮১ | ১০০৪,৮৩,০০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১৪১,৩০,০০ | ০ | ৬০০,০০,০০ | ৭৯৭,৬৪,০০ | ৯৪৮,৫৭,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১৬৮৯,৮৫,০০** | **১১২৭,৭৯,৫৮** | **১৬৮৩,৩২,৫০** | **১৮২০,৬৯,৫২** | ১৯৫৯,৯৫,৩১ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **২৬০২,০৪,০০** | **১৯৪২,৪৭,৮৭** | **২১৮৩,০০,০০** | **২২৯২,১৫,০০** | ২৪০৬,৭৬,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার কভারেজ* | ১ | সংখ্যা (লক্ষ) | ২৬.৬০ | ২২.৯০ | ২৬.৬০ | ২৫.১০ | ২৬.৫২ | ২৬.৭০ | ২৬.৭০ |
| ২. প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ধর্মীয় ব্যক্তিত্বদের আর্থ-সামাজিক কর্মকান্ডে সম্পৃক্তকরণ** | ১ | সংখ্যা (হাজার) | ১২.৪৫ | ১২.০০ | ১৮.২৪ | ১৩.০০ | ১৩.০০ | ১৫.০০ | ১৫.০০ |
| ৩. হজ ও ওমরাহ্ পালনকারীদের সেবা প্রদান। | ২ | সংখ্যা (হাজার) | ১২৮ | ১০০ | ১৩৮ | ১৩০ | ১৩৮ | ১৩৮ | ১৩৮ |
| ৪. ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান | ৩ | সংখ্যা (হাজার) | ৬.৫ | ৫.৫ | ৭.৬ | ৬.০০ | ৮.০ | ৮.২ | ৮.০০ |
| ৫. দু:স্থ ব্যক্তিদের অনুদান | ৪ | সংখ্যা (হাজার) | ৩.০ | ৩.৬ | ৩.৬ | ৩.৬ | ৩.৭ | ৩.৯ | ৩.৯ |

* ৩-৬ বছরের শিশুর সংখ্যা ১,২৭,২৯,৪৯৯ জন। **জরিপ অনুযায়ী দেশে মোট ধর্মীয় ব্যক্তিত্ব ও ইমামের সংখ্যা ২.৫০ লক্ষ জন।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে ই-হজ ব্যবস্থাপনা চালু করা হয়। হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ প্রণয়ন করা হয়েছে। যার ফলে হজ ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত মন্ত্রণালয়, বিভাগ ও এজেন্সিসহ অন্যান্য সরকারি সংস্থাসমূহের দায়-দায়িত্ব আইনী বিধি-বিধান দ্বারা সুস্পষ্ট হওয়ায় হজ ব্যবস্থাপনা আরও সুষ্ঠু, সুন্দর ও গতিশীল হয়েছে। হজ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি Online এ প্রেরণ করা হচ্ছে। SMS এর মাধ্যমে প্রাক-নিবন্ধন, নিবন্ধন, ফ্লাইট তথ্য, স্বাস্থ্য সনদ প্রাপ্তির তথ্য, প্রশিক্ষণের সময়সূচি অবহিতকরণ, কল সেন্টারের মাধ্যমে সার্বক্ষণিক হাজীগণের তথ্য সেবা প্রদান করা হয়ে থাকে। হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ও বিধিমালার আলোকে হজ কার্যক্রমের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে পরিচালনা করা হচ্ছে। তাছাড়া, সরকারি মাধ্যমে হজযাত্রীগণ *e-HajjBD Mobile Apps* এবং *hajj.gov.bd* এর মাধ্যমে একজন হজযাত্রী নিজে সরাসরি প্রাক-নিবন্ধন ও নিবন্ধন সম্পন্ন করতে পারে, যা হজ ব্যবস্থাপনার একটি যুগান্তকারী সাফল্য।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজযাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | হজ সম্পাদন | ২ | হাজার জন | ১২৮ | ৮৬ | ১৩৮ | ৯০ | ১৩০ | ১৩৮ | ১৩৮ |
| | প্রতিনিধির সংখ্যা | | জন | ৫৬০ | ৩৬৬ | ৫৯০ | ৪০০ | ৫০০ | ৫৫০ | ৬০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২. হজ ও ওমরাহ্ এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন | ইস্যু/নবায়নকৃত লাইসেন্স | ২ | সংখ্যা | ৩০০ | ২৮০ | ৯০০ | ৭৫০ | ২৫০ | ৩০০ | ৯০০ |
| ৩. হজযাত্রী ও হজ গাইডদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত গাইড | ২ | সংখ্যা | ২৩০ | ১০২ | ৩৩০ | ১২০ | ৩৪০ | ৩৪০ | ৩৪০ |
| ৪. হজ বিষয়ক প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত এজেন্সী, প্রতিনিধি ও হজযাত্রী | ২ | সংখ্যা (লক্ষ) | ১.৩০ | ০.৯০ | ১.০০ | ১.৩৭ | ১.৩০ | ১.৩৫ | ১.৩৭ |
| ৫. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | অনুদান প্রাপ্ত ধর্মীয় প্রতিষ্ঠান | ৩ | সংখ্যা (হাজার) | ৬.৫ | ৫.৫ | ৭.৬ | ৬.০০ | ৮.০ | ৮.২ | ৮.০০ |
| ৬. দরিদ্র ও দু:স্থ ব্যক্তিদের অনুদান | অনুদান প্রাপ্ত দরিদ্র ও দু:স্থ ব্যক্তি | ৪ | সংখ্যা (হাজার) | ৩.০ | ৩.৬ | ৩.৬ | ৩.৬ | ৩.৭ | ৩.৯ | ৩.৯ |

*পূর্বে শুধুমাত্র হজ এজেন্সিকে প্রশিক্ষণ প্রদান করা হতো। বর্তমানে সকল নিবন্ধিত হজযাত্রী, হজ গাইড এবং সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৩৫০১০১ - সচিবালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ১-৬ | ১৩,৯৪,৯২ | ২১,৫৯,০০ | ২৩,৪০,৪৭ | ১৮,৮৫,৩৪ | ১৬,২৩,২৩ | ১৭,০৮,৫৫ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৩,৯৪,৯২** | **২১,৫৯,০০** | **২৩,৪০,৪৭** | **১৮,৮৫,৩৪** | **১৬,২৩,২৩** | **১৭,০৮,৫৫** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৭০১ - বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয় | ১-৪ | ৬৫,৩১,৬৬ | ৮০,৭৭,০০ | ৭২,৬৩,৫০ | ৮২,৫৬,০০ | ৮৮,৭৮,৮০ | ৯৩,২২,৭৪ |
| ১২০০০২৩০১ - মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫-৬ | ৫৫,৪৬,৫০ | ৬০,৮৪,০০ | ৬০,৮৪,০০ | ৬১,৫২,০০ | ৭০,৭৩,৮১ | ৭৭,৩৬,৫৪ |
| ১২০০০২৩০২ - হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫-৬ | ৩,৩৩,৯৩ | ৩,৫৪,০০ | ৩,৫৪,০০ | ৩,৫৪,০০ | ৩,৯০,২৯ | ৪,০৯,৮০ |
| ১২০০০২৩০৩ - বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫-৬ | ৬১,১০ | ৭২,০০ | ৭২,০০ | ৭৬,০০ | ৭৯,৩৮ | ৮৩,৩৫ |
| ১২০০০২৩০৪ - খ্রীষ্টান ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫-৬ | ২৭,৯০ | ৩৩,০০ | ৩৩,০০ | ৩৫,০০ | ৩৬,৩৮ | ৩৮,২০ |
| ১২৭০১১২০১ - ইসলামি ফিকাহ্ একাডেমি, জেদ্দা | ১-৬ | ০ | ৩৪,০০ | ৩৪,০০ | ৩৯,০০ | ৪৩,০০ | ৪৫,১৫ |
| ১২৭০১১৪০১ - ইসলামিক সলিডারিটি ফান্ড | ১-৬ | ০ | ১৯,০০ | ১৯,০০ | ১৯,০০ | ২১,০০ | ২৩,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১২৫,০১,০৯** | **১৪৬,৭৩,০০** | **১৩৮,৫৯,৫০** | **১৪৯,৩১,০০** | **১৬৫,২২,৬৬** | **১৭৬,৫৮,৭৮** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১১৬০০ - ইমাম প্রশিক্ষণ একাডেমি | ১-৬ | ২৪,০৩,৭৫ | ২৬,৫০,০০ | ০ | ০ | ০ | ০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **২৪,০৩,৭৫** | **২৬,৫০,০০** | **০** | **০** | **০** | **০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৬২,৯৯,৭৬** | **১৯৪,৮২,০০** | **১৬১,৯৯,৯৭** | **১৬৮,১৬,৩৪** | **১৮১,৪৫,৮৯** | **১৯৩,৬৭,৩৩** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৩৫ - ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৬ | ০ | ১৪১,৩০,০০ | ০ | ৬০০,০০,০০ | ৭৯৭,৬৪,০০ | ৯৪৮,৫৭,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **১৪১,৩০,০০** | **০** | **৬০০,০০,০০** | **৭৯৭,৬৪,০০** | **৯৪৮,৫৭,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **১৪১,৩০,০০** | **০** | **৬০০,০০,০০** | **৭৯৭,৬৪,০০** | **৯৪৮,৫৭,০০** |
| মোট : | | **১৬২,৯৯,৭৬** | **৩৩৬,১২,০০** | **১৬১,৯৯,৯৭** | **৭৬৮,১৬,৩৪** | **৯৭৯,০৯,৮৯** | **১১৪২,২৪,৩৩** |

## ৬.২ ইসলামিক ফাউন্ডেশন

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত ৩ বছরে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় ২৪ লক্ষ ৩৩ হাজার ৮৬৪ জন শিশুকে প্রাক-প্রাথমিক এবং ৪৫ লক্ষ ৬৯ হাজার ৯৮৩ জন শিশুকে নৈতিক ও কুরআন শিক্ষা প্রদান করা হয়েছে। ৫৭ হাজার ২শত জন নিরক্ষর পুরুষ ও মহিলাকে ধর্মীয় ও নৈতিকতা শিক্ষার সাথে সাথে অক্ষর জ্ঞানদানসহ ৩টি স্তরে সর্বমোট ৭০ লক্ষ ৬১ হাজার ৪৭ জনকে শিক্ষা প্রদান করা হয়েছে। ২০,৯৬০ জন ধর্মীয় ব্যক্তিকে আর্থ সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ (নিয়মিত ইমাম রিফ্রেসার্স প্রশিক্ষণ ও ৬০ দিন ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ) প্রদান করা হয়েছে। জনগণের নৈতিক মূল্যবোধ উন্নয়নে ৩১০টি গবেষণামূলক ও ইসলামিক পুস্তক প্রকাশ করা হয়েছে। দারিদ্র্য বিমোচনে ৩০০০ জন ইমাম মুয়াজ্জিনকে সুদমুক্ত ঋণ ও ১,৯৫,৪২ জনকে আর্থিক সাহায্য প্রদান এবং যাকাত ফান্ড হতে গত ৩ বছরে ৬৬,১৯৬ জন পুরুষ ও ৬৪,০০৬ জন মহিলাকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত ৫৬টি ইসলামিক মিশন কেন্দ্র এবং ০৩টি হাসপাতালের মাধ্যমে ৩৯ লক্ষ ৭০ হাজার ৮২৮ জন দরিদ্র পুরুষ ও মহিলাকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৫১০টি মিশন মক্তবের মাধ্যমে ৭০ হাজার জন কোমলমতি শিশু মক্তবি শিক্ষায় অক্ষর জ্ঞান অর্জন করেছে। হালাল সনদ বিভাগ হতে ২২৪টি কোম্পানীর অনুকূলে হালাল সনদ প্রদান করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা এবং কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | ধর্মীয় ও নৈতিক শিক্ষাপ্রাপ্ত শিশু | ১ | হাজার জন | ২৪৩০.২০ | ২৪৩৩.৮৬ | ২৪৩০.২০ | ২৪৩৩.৮৬ | ২৪৩৩.৮৬ | ২৪৩৩.৮৬ | ২৪৩৩.৮৬ |
| ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | শিক্ষার্থী/উপকার ভোগী | ১ | লক্ষ জন | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ |
| ৩. ধর্মীয় ব্যক্তিত্ব/ ইমামগণকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম | ১ | হাজার জন | ২.৪০ | ৬.৫০ | ৬.৫০ | ৭.১৭ | ৭.৩৮ | ৭.৩৮ | ৭.৩৮ |
| ৪. আন্ত:ধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজন | আয়োজিত ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা | ১ | সংখ্যা | ৫৮১ | ৫৭৮ | ৫৮৫ | ৫৮৬ | ৫৯০ | ৫৯৫ | ৫৯৫ |
| ৫. গবেষণামূলক ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | প্রকাশিত পুস্তক | ১ | সংখ্যা | ১১০ | ১১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৯০ |
| ৬. যাকাত সংগ্রহ এবং দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় অনুদান প্রদান | সংগৃহীত যাকাতের পরিমাণ | ৪ | কোটি টাকায় | ১১.০৮ | ১১.৪৮ | ১৩.০০ | ১১.১২ | ১৪.০০ | ১৫.০০ | ১৬.০০ |
| | অনুদানপ্রাপ্ত ব্যক্তি | | হাজার জন | ৫০৫৪৯ | ৫০৫৪৯ | ৫৫০০০ | ৫১০৮৮ | ৫৬০০০ | ৫৮৫০০ | ৬০০০০ |
| ৭. প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | উপকারভোগী | ৪ | (হাজার জন) | ১৩৫০ | ১৩৪৫ | ১৪০০ | ১৪০০ | ১৪৫০ | ১৫০০ | ১৫৫০ |
| ৮. ধর্মীয় ব্যক্তিদের (ইমাম ও মুয়জ্জিন) আত্ম নির্ভরশীলতায় অনুদান ও ঋণ প্রদান | প্রদানকৃত অর্থ | ৪ | কোটি টাকায় | ৩.৪০ | ৩.৪০ | ৩.৪৫ | ৪.১১ | ৫.৬০ | ৫.৮০ | ৫.৯০ |
| | সুবিধাভোগী | | (হাজার জন) | ৬.১০ | ৬.১০ | ৬.২২ | ৫.২২ | ৮.২০ | ৮.৬০ | ৮.৮০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৯. দেশের সকল জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ | স্থাপিত মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র | ৩ | সংখ্যা | ১০০ | ৫০ | ১০০ | ১০০ | ১০০ | ৬৪ | ০ |
| ১০.বাংলাদেশে উৎপাদিত ও আমদানিকৃত খাদ্য দ্রব্য,ভোগ্যপণ্য, প্রসাধন সামগ্রী ও ফার্মাসিউটিক্যাল এর জন্য হালাল সনদ প্রদান | প্রদানকৃত হালাল সনদ | ১ | সংখ্যা | | ৭০ | | ৬৫ | ৮০ | ৯০ | ১০০ |

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১১১২০০ - ইসলামিক ফাউন্ডেশন | ১-১০ | ৬৩,২২,৫০ | ১১৩,৯৯,০০ | ১৮৮,৭১,৭০ | ২০১,৬১,৬৬ | ২০৩,৮০,৯৮ | ২১০,৮৬,৩২ |
| ১৩১০১১১৪০০ - যাকাত ফান্ড-প্রশাসক | ৬ | ১,২১,৮৮ | ১,৩৬,০০ | ১,৩৬,০০ | ১,৪৩,০০ | ১,৪৯,৯৪ | ১,৫৭,৪৪ |
| ১৩১০১১১৫০০ - বায়তুল মোকাররম মসজিদ | | ১,৭২,৭৬ | ২,০০,০০ | ০ | ০ | ০ | ০ |
| ১৩২০০৭১০০ - ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট | ৩,৮ | ২,৪০,২৫ | ২,৬০,০০ | ২,৬০,০০ | ২,৮৬,০০ | ৩,৬৭,৫০ | ৩,৮৫,৮৮ |
| ১৩৫০১০৬০০ - ইসলামিক মিশন প্রতিষ্ঠান | | ৩১,৮৩,৮৮ | ৩৭,৮৫,০০ | ০ | ০ | ০ | ০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১০০,৪১,২৭** | **১৫৭,৮০,০০** | **১৯২,৬৭,৭০** | **২০৫,৯০,৬৬** | **২০৮,৯৮,৪২** | **২১৬,২৯,৬৪** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১০০,৪১,২৭** | **১৫৭,৮০,০০** | **১৯২,৬৭,৭০** | **২০৫,৯০,৬৬** | **২০৮,৯৮,৪২** | **২১৬,২৯,৬৪** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪১২৭৪০০ - প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) (০১/০৪/২০১৭-৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৯ | ২৩৯৪,৪২,৯৫ | ১৫৫০,০০,০০ | ১১১৮,২৬,০০ | ১০৬০,০৫,০০ | ১০০০,০০,০০ | ১০০০,০০,০০ |
| ২২৪৩০৫৭০০ - হাওড় এলাকার জনগণের জীবনমান উন্নয়ন ও জীববৈচিত্র্য সংরক্ষণে ইমামদের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম (১ম সংশোধিত) (০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৩ | ৮,৭৬,২২ | ৮,০০,০০ | ৭,৮৫,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩১৩৮০০ - মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) (০১/০১/২০২০ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১-৫ | ৬৯৮,৬৯,২৬ | ৩৮৯,৪০,০০ | ৩০৮,৫৫,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩২৭৬০০ - ইসলামিক ফাউন্ডেশনের বিদ্যমান ছাপাখানায় নতুন মেশিনারীজ সংযোজনের মাধ্যমে আধুনিকীকরণ (১ম সংশোধিত) (০১/০৭/২০২০ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-২,৫ | ১৫,৫৭,২১ | ১,১০,০০ | ৫,০৯,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৬১৯০০ - দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন ও পরিচালনা (০১/০১/২০২১ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১-২ | ৯০,৭২,৬৭ | ৩৩,০০,০০ | ২৭,৩৪,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩২০৮,১৮,৩১** | **১৯৮১,৫০,০০** | **১৪৬৭,০৯,০০** | **১০৬০,০৫,০০** | **১০০০,০০,০০** | **১০০০,০০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩২০৮,১৮,৩১** | **১৯৮১,৫০,০০** | **১৪৬৭,০৯,০০** | **১০৬০,০৫,০০** | **১০০০,০০,০০** | **১০০০,০০,০০** |
| মোট : | | **৩৩০৮,৫৯,৫৮** | **২১৩৯,৩০,০০** | **১৬৫৯,৭৬,৭০** | **১২৬৫,৯৫,৬৬** | **১২০৮,৯৮,৪২** | **১২১৬,২৯,৬৪** |

## ৬.৩ হজ অফিসসমূহ (ঢাকা এবং জেদ্দা)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত ২০২২ সালে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় ৫৯,৯১৬ জন, ২০২৩ সালে ১,২৩,২১৮ জন এবং ২০২৪ সালে ৮৫,১৭৪ জন হজ যাত্রী নির্বিঘ্নে সৌদি আরব গমন করে পবিত্র হজব্রত পালন করেছেন। *www.hajj.gov.bd* ওয়েব সাইটের মাধ্যমে হজের যাবতীয় কার্যাবলি অনলাইনে সম্পন্ন করা হয়েছে। ই-হজ সিস্টেমে সৌদি হজ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সকল হজযাত্রীর তথ্য ডাটাবেজে সংরক্ষণ ও সংশ্লিষ্ট সংস্থাসমূহকে সরবরাহ করা হয়েছে। হজযাত্রীদের নিজ নিজ এলাকা থেকে অনলাইনে সারা বছরব্যাপী রেজিষ্ট্রেশনের ব্যবস্থা করা হয়েছে। হজ ক্যাম্প, ঢাকায় আই.টি হেল্পডেস্ক স্থাপন করে সার্বক্ষণিক সেবা প্রদান এবং নিয়মিত বুলেটিন প্রচারের মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হয়। অনলাইনে ভিসা লজমেন্ট করে সকল হজযাত্রীর পাসপোর্টে ভিসা সংগ্রহ করা হয়েছে। হজ ক্যাম্প, ঢাকায় আধুনিক তথ্য প্রযুক্তি সমৃদ্ধ *KIOSK* মেশিনের সাহায্যে হজযাত্রীদের রিপোর্টিং সেবা প্রদান এবং স্মার্ট লাগেজ ম্যানেজমেন্টের মাধ্যমে হজযাত্রীদের লাগেজ তাদের জন্য নির্ধারিত আবাসিক কক্ষে পৌঁছে দেয়া হয়েছে। উপরন্তু মক্কা ও মদিনায় হজ মৌসুমে সকল বাংলাদেশী হজযাত্রীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজযাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসকদলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | হজ সেবা প্রদান | ২ | (সংখ্যা হাজার জন) | ১২৮ | ১২৩ | ১৩৮ | ৯০ | ১৩০ | ১৩৫ | ১৩৮ |
| | ওমরাহ সেবা প্রদান | | | ৫৬০ | ৪৫০ | ৫৭০ | ৫০০ | ৬০০ | ৬০০ | ৬০০ |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৩৫০১০২ - হজ্জ অফিসসমূহ | ১ | ৩৫,৮৩,৫৯ | ১৩,০৯,০০ | ১৪,০৮,২০ | ১৫,২৭,০০ | ১৮,৪২,৭৫ | ১৯,৩৪,৮৯ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩৫,৮৩,৫৯** | **১৩,০৯,০০** | **১৪,০৮,২০** | **১৫,২৭,০০** | **১৮,৪২,৭৫** | **১৯,৩৪,৮৯** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩৫,৮৩,৫৯** | **১৩,০৯,০০** | **১৪,০৮,২০** | **১৫,২৭,০০** | **১৮,৪২,৭৫** | **১৯,৩৪,৮৯** |
| মোট : | | **৩৫,৮৩,৫৯** | **১৩,০৯,০০** | **১৪,০৮,২০** | **১৫,২৭,০০** | **১৮,৪২,৭৫** | **১৯,৩৪,৮৯** |

## ৬.৪ বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসন

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** ১৯৬২ সালের ওয়াক্‌ফ অধ্যাদেশের ৭১ ধারামতে ওয়াক্‌ফ প্রশাসনে তালিকাভুক্ত ১৬,৯৬৯ টি ওয়াক্‌ফ এস্টেটের নীট আয়ের শতকরা ৫% ভাগ ওয়াক্‌ফ চাঁদা হিসেবে ধার্য করে বিগত তিন বছরে প্রায় ২৮.৮৮ কোটি টাকা আদায় করা হয়েছে। একই সময়ে ৩২১ টি ওয়াক্‌ফ এস্টেট নতুনভাবে তালিকাভুক্ত করা হয়েছে। ওয়াক্‌ফ প্রশাসনে একটি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। জাতীয় তথ্য বাতায়নে ওয়াক্‌ফ প্রশাসনের ওয়েবসাইট সংযুক্ত করা হয়েছে। বিশ্বের যে কোনো স্থান হতে ওয়াক্‌ফ এস্টেটের তথ্য সংগ্রহ করার নিমিত্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ, তালিকা ভূক্তকরণ, রক্ষণা-বেক্ষণ ও ডাটাবেজ প্রস্তুতকরণ | তালিকাভুক্ত এস্টেট | ৩ | সংখ্যা | ৯৫ | ৯১ | ১০৫ | ১০০ | ১১০ | ১১৫ | ১২০ |
| ২. ওয়াকফ এস্টেটসমূহের কার্যক্রম নিরীক্ষাকরণ | নিরীক্ষাকৃত এস্টেট | ৩ | সংখ্যা হাজার | ২.৬০ | ১.৩৫ | ২.৯০ | ২.৮০ | ২.৯৫ | ২.৯৫ | ৩.০০ |
| ৩. অবৈধ দখলদার উচ্ছেদ | উচ্ছেদের সংখ্যা | ৩ | % | ৭০ | ৬৩ | ৭৫ | ৭০ | ৮৫ | ৮৭ | ৯০ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১১৩০০ - বাংলাদেশ ওয়াকফ প্রশাসক | ১-৩ | ৮২,০০ | ৯২,০০ | ৯২,০০ | ৯৭,০০ | ১,০১,৪৩ | ১,০৬,৫০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৮২,০০** | **৯২,০০** | **৯২,০০** | **৯৭,০০** | **১,০১,৪৩** | **১,০৬,৫০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৮২,০০** | **৯২,০০** | **৯২,০০** | **৯৭,০০** | **১,০১,৪৩** | **১,০৬,৫০** |
| মোট : | | **৮২,০০** | **৯২,০০** | **৯২,০০** | **৯৭,০০** | **১,০১,৪৩** | **১,০৬,৫০** |

## ৬.৫ হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

**৬.৫.১ সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে ৫,৯৭৫ টি ধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার/মেরামত/উন্নয়নে ১৯ কোটি ৫৬ লক্ষ টাকা এবং ৩,৪৭৫ জন দুঃস্থের মাঝে আর্থিক অনুদান হিসেবে ৩ কোটি ৭৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। হিন্দু জনগোষ্ঠীর সর্ববৃহৎ ধর্মীয় উৎসব দুর্গাপূজায় মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত ৮ কোটি টাকা দেশের ২০,৯৫৪টি পূজা মণ্ডপে প্রদান করা হয়েছে। ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের অধীনে ৬৪ জেলায় স্থাপিত ৭,৪০০টি মন্দিরভিত্তিক শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ৪,৫০,০০০ জন শিশু, ১,২৬,০০০ জন গীতা শিক্ষার্থী ও ৯০,০০০ জন বয়স্ক ব্যক্তিকে পাঠদান সম্পন্ন করা হয়েছে। ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণের নিমিত্ত বিভিন্ন বিষয়ে ২৫,০০০ জন পুরোহিত ও সেবাইতকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গত তিন বছরে জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপন উপলক্ষে দেশব্যাপী জেলা প্রশাসনের সহায়তায় শুভ জন্মাষ্টমী ও বিভিন্ন জাতীয় দিবস পালনের মাধ্যমে ৩৯০টি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের এসব কার্যক্রম দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সম্প্রতি ট্রাস্ট হিন্দু জনগোষ্ঠীর জন্য দেশ/বিদেশে তীর্থভ্রমণের ব্যবস্থা গ্রহণ করেছে। গত বছর ২১০ জন তীর্থযাত্রীকে তীর্থভ্রমণ করানো হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক এবং বয়স্কদের মধ্যে ধর্মীয় শিক্ষা প্রদান | শিশু ও বয়স্ক শিক্ষার্থী | ১ | সংখ্যা হাজার | ১৮০ | ১৮০ | ১৮০ | ১৮০ | ১৮০ | ১৮০ | ১৮০ |
| ২. বিনামূল্যে বই ও শিক্ষা উপরকণ বিতরণ | শিশু ও বয়স্ক শিক্ষার্থী | ১ | সংখ্যা হাজার | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩. ধর্মীয় ব্যক্তিদের আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত পুরোহিত/সেবাইত | ১ | সংখ্যা হাজার | ৩.৯৬৪ | ১৫.৮০৩ | ৯.০০০ | ৯.০০০ | ৫.০০০ | ৮.০০০ | ১০.০০০ |
| ৪. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান | অনুদান প্রাপ্ত মঠ/মন্দির/ আশ্রম/শ্মশান | ৩ | সংখ্যা | ৭০ | ১,৫০০ | ১,৫০০ | ১,৫০০ | ১,৭০০ | ১,৮৫০ | ২,০০০ |
| ৫. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | অনুদান প্রাপ্ত ব্যক্তি | ৪ | সংখ্যা | ৬৪ | ১,২০০ | ৪৫০০ | ১,৩০০ | ১,৭০০ | ১,৮৫০ | ২,০০০ |
| ৬. তীর্থ ভ্রমণে সহায়তা প্রদান | তীর্থযাত্রী | ৪ | সংখ্যা | - | ২১০ | - | ২০০ | ৩০০ | ৩৫০ | ৫০০ |
| ৭. দুর্গাপূজায় আর্থিক সহায়তা প্রদান। | অনুদান প্রাপ্ত পূজা মণ্ডপসমূহ | ৪ | সংখ্যা হাজার | ৪২১৪ | ৭,০০০ | ৫,০০০ | ৭,৫০০ | ৮,০০০ | ৮,৫০০ | ৯,০০০ |

## ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪৩৩০৮০০ - ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) (০১/০৭/২০২০-৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৩ | ১৩,৭৯,২৪ | ১৫,৯৭,০০ | ১৪,৭২,০০ | ১২,৬৫,০০ | ৫,০০,০০ | ০ |
| ২২৪৩৬১৮০০ - মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (০১/০৭/২০২১ -৩১/১২/২০২৫) অনুমোদিত | ১-২ | ১০৪,৪৮,২৮ | ৮১,৩৬,০০ | ৭৯,৫৯,০০ | ৮০,৯৭,০০ | ৪০,০০,০০ | ০ |
| ২২৪৩৮৯৯০০ - "সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলাস্থ শ্রী শ্রী অদ্বৈতাচার্য মন্দির কমপ্লেক্স উন্নয়ন" শীর্ষক প্রকল্প (০১/১০/২০২৩ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৪ | ০ | ৭,০০,০০ | ২,৮০,০০ | ১২,৭৮,০০ | ১৩,০০,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১১৮,২৭,৫২** | **১০৪,৩৩,০০** | **৯৭,১১,০০** | **১০৬,৪০,০০** | **৫৮,০০,০০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১১৮,২৭,৫২** | **১০৪,৩৩,০০** | **৯৭,১১,০০** | **১০৬,৪০,০০** | **৫৮,০০,০০** | **০** |
| মোট : | | **১১৮,২৭,৫২** | **১০৪,৩৩,০০** | **৯৭,১১,০০** | **১০৬,৪০,০০** | **৫৮,০০,০০** | **০** |

## ৬.৬ বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৬.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে বৌদ্ধ উপসনালয়/বিহার/প্যাগোডা/ শ্মশান মেরামত, সংস্কার ও সংরক্ষণের জন্য ২৩১টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৭৮ লক্ষ টাকার এবং ধর্মীয় উৎসব উদযাপনের জন্য ৪,৯৩৩টি ধর্মীয় প্রতিষ্ঠানে ১০ কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে। চিকিৎসা সহায়তা বাবদ মোট ১৯৪ জন অসুস্থ বৌদ্ধ ভিক্ষু ও অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য ২৬ লক্ষ টাকা কল্যাণ অনুদান প্রদান করা হয়েছে। শিক্ষা সহায়তা বাবদ ২৫ জন গরীব শিক্ষার্থীকে ২(দুই) লক্ষ টাকা শিক্ষা সহায়তা অনুদান প্রদান করা হয়েছে। প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথিমিক শিক্ষা প্রকল্পের মাধ্যমে ২০ হাজার বৌদ্ধ শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। এতদব্যতীত প্রকল্প গ্রহণের ফলে তৃণমুল পর্যায়ে ৪০০ জন বৌদ্ধ ধর্মাবলম্বী মহিলা ও পুরুষের কর্মসংস্থান হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান | প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা অর্জনকারী শিক্ষার্থী | ১ | সংখ্যা (জন) | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |
| ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক/ শিক্ষা উপকরণ বিতরণ | বিতরণকৃত শিক্ষা উপকরণ | ১ | সংখ্যা (সেট) | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ |
| ৩. বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারের জন্য অনুদান প্রদান | বরাদ্দপ্রাপ্ত ধর্মীয় প্রতিষ্ঠান | ৩ | সংখ্যা | ৩০ | ৩০ | ৩১ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ |
| ৪. তরুন তরুনীদের ধর্মীয় সহজ ত্রিপিটক শিক্ষা উপকরণ প্রদান | প্রদানকৃত ত্রিপিটক শিক্ষা উপকরণ | ১ | সংখ্যা (সেট) | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩৫০১০৮০০ - বৌদ্ধ কল্যাণ ট্রাস্ট | ১-৪ | ১,০৯,৯৪ | ১,৬৫,০০ | ১,৬৫,০০ | ১,৭৯,০০ | ১,৮১,৯১ | ১,৯১,০১ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১,০৯,৯৪** | **১,৬৫,০০** | **১,৬৫,০০** | **১,৭৯,০০** | **১,৮১,৯১** | **১,৯১,০১** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১,০৯,৯৪** | **১,৬৫,০০** | **১,৬৫,০০** | **১,৭৯,০০** | **১,৮১,৯১** | **১,৯১,০১** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪৩৭০৮০০ - প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৩য় পর্যায় (০১/০৭/২০২২ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-৪ | ৪,০০,৯০ | ৫,১৩,০০ | ৫,১৮,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৪০৬২০০ - "নেপালের লুম্বিনী কনজারবেশন এলাকায় বাংলাদেশ বুদ্ধিস্ট মনেসট্রি কমপ্লেক্স র্নিমান" প্রকল্প (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১-৪ | ০ | ০ | ১৫,০০ | ২২,৭৩,০০ | ২৩,০০,০০ | ২৪,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৪,০০,৯০** | **৫,১৩,০০** | **৫,৩৩,০০** | **২২,৭৩,০০** | **২৩,০০,০০** | **২৪,০০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৪,০০,৯০** | **৫,১৩,০০** | **৫,৩৩,০০** | **২২,৭৩,০০** | **২৩,০০,০০** | **২৪,০০,০০** |
| মোট : | | **৫,১০,৮৪** | **৬,৭৮,০০** | **৬,৯৮,০০** | **২৪,৫২,০০** | **২৪,৮১,৯১** | **২৫,৯১,০১** |

## ৬.৭ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৭.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে চার্চ/গির্জা/উপাসনালয়/তীর্থস্থান/কবরস্থান সংস্কার, মেরামত, সংরক্ষণের জন্য ১৩৮টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৫০ লক্ষ টাকা, ধর্মীয় উৎসব উদযাপনের জন্য ১,৮১০টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৬ কোটি ৩৫ লক্ষ ৫০ হাজার টাকা এবং সানডে স্কুল পরিচালনার জন্য ৪৮টি ধর্মীয় প্রতিষ্ঠানে ১৫ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। নাগরিক সক্ষমতা বৃদ্ধিকল্পে ৩১ জন দরিদ্র-মেধাবী শিক্ষার্থীকে ৩ লক্ষ ১২ হাজার টাকা এবং ৩০ জন দুস্থ-অসহায়কে চিকিৎসা খাতে ৩ লক্ষ ১০ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। পালক-পুরোহিত ও ধর্মীয় নেতৃবৃন্দের দক্ষতা বৃদ্ধি বিষয়ক ৩টি এবং ছাত্র-যুবাদের জন্য নীতি-নৈতিকতা বিষয়ক ৬টি কর্মশালার আয়োজন করা হয়েছে। এতে মোট ৫৪২ জন পালক-পুরোহিত ও ১,০৬৬ জন ছাত্র-যুবক অংশগ্রহণ করেছেন। এছাড়াও সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দের অংশগ্রহণে আয়োজিত ৬টি সভা-সেমিনারে মোট ৪১৫ জন অংশগ্রহণ করেছেন।

## ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান/গীর্জা/উপাসনালয়/কবরস্থান সংস্কার/মেরামত ও সংরক্ষণ | অনুদান প্রাপ্ত চার্চ/গির্জা/উপাসনালয় | ৩ | সংখ্যা (জন) | ৪০ | ৩৮ | ৪২ | ৪০ | ৪৪ | ৪৫ | ৪৬ |
| ২. ধর্মীয় নেতৃবৃন্দ/পালক-পুরোহিতগণের দক্ষতা বৃদ্ধি ও ছাত্র-যুবকদের নীতি-নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত খ্রিস্টান পালক/পুরোহিত/ছাত্র-যুবক | ১ | সংখ্যা (জন) | ৪৭০ | ৪৭০ | ৪৮৫ | ৪৯০ | ৫০০ | ৫১০ | ৫২০ |
| ৩. ধর্মীয় উৎসব উদযাপনে খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান/চার্চ/গির্জা/উপাসনালয়েআর্থিক সহায়তা প্রদান | অনুদান প্রাপ্ত ধর্মীয় প্রতিষ্ঠান/চার্চ/গির্জা/উপাসনালয় | ৩ | সংখ্যা (জন) | ৭৫০ | ৬৯৯ | ৭৬০ | ৭৫০ | ৭৭০ | ৭৮০ | ৭৯০ |
| ৪. সানডে স্কুল কার্যক্রমের মাধ্যমে শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষাদান | ধর্মীয়-নৈতিক শিক্ষা সম্পন্নকারী শিশু | ১ | সংখ্যা (জন) | - | ২০০০ | - | ২১০০ | ২২০০ | ২৩০০ | ২৪০০ |
| ৫. ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দের অংশগ্রহণে সভা-সেমিনারের মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি জোড়দারকরণ | অংশ গ্রহণকারী ধর্মীয়-সামাজিক নেতৃবৃন্দ | ১ | সংখ্যা (জন) | - | ১৫০ | - | ১৮০ | ১৯০ | ২০০ | ২২০ |
| ৬. দরিদ্র-মেধাবী খ্রিস্টান শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান | বৃত্তিপ্রাপ্ত দরিদ্র-মেধাবী শিক্ষার্থী | ৪ | সংখ্যা (জন) | - | ৩১ | - | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ |
| ৭. দুঃস্থ-অসহায় খ্রিস্টান ধর্মাবলম্বীদের আর্থিক সহায়তা প্রদান | অনুদান প্রাপ্ত দুঃস্থ-অসহায় ধর্মাবলম্বী | ৪ | সংখ্যা জন | - | ৩০ | - | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ |

## ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩৫০১০৭০০ - খ্রীষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ১-৭ | ৯৩,৭২ | ১,৫০,০০ | ১,৬২,০০ | ১,৭২,০০ | ১,৮০,৬০ | ১,৮৯,৬৩ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৯৩,৭২** | **১,৫০,০০** | **১,৬২,০০** | **১,৭২,০০** | **১,৮০,৬০** | **১,৮৯,৬৩** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৯৩,৭২** | **১,৫০,০০** | **১,৬২,০০** | **১,৭২,০০** | **১,৮০,৬০** | **১,৮৯,৬৩** |
| মোট : | | **৯৩,৭২** | **১,৫০,০০** | **১,৬২,০০** | **১,৭২,০০** | **১,৮০,৬০** | **১,৮৯,৬৩** |